গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
হরিরামপুর, মানিকগঞ্জ।
www.harirampur.manikganj.gov.bd

## উপজেলা আইন-শৃঙ্খলা কমিটির সেপ্টেবর ২০২৩ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী ঃ

সভাপতি : মোঃ শাহরিয়ার রহমান, উপজেলা নির্বাহী অফিসার, হরিরামপুর, মানিকগঞ্জ।

সভার তারিখ ও সময় : ২৭ সেপ্টেম্বর ২০২৩ সকাল ১১:০০ টা।

সভার স্থান : উপজেলা পরিষদ মিলনায়তন

উপস্থিত ও অনুপস্থিত সদস্যবৃন্দ ঃ পরিশিষ্ট "ক" দ্রষ্টব্য

সভাপতি উপস্থিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। উপস্থিত সদস্যগণকে আইন-শৃঙ্খলা বিষয়ে মতামত প্রদানের জন্য অনুরোধ করেন। অত:পর বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

| ক্র:নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ০১ | **সেপ্টেম্বর ২০২৩ মাসে রুজুকৃত মামলার তথ্য:**<br>অফিসার ইনচার্জ, হরিরামপুর থানা সভাকে জানান যে, হরিরামপুর উপজেলার আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রয়েছে। আগস্ট ২০২৩ মাসে হরিরামপুর থানায় মোট ০৭টি মামলা রুজু হয়েছে। এরমধ্যে নারী ও শিশু আইনে-০১টি, খুন-০১টি, মাদক আইনে-০২টি ও মারামারির মামলা-০২টি।<br>আসন্ন শারদীয় দুর্গাপূজা উপলক্ষে সকল পূজা মন্ডপে সিসি ক্যামেরা লাগানো নিশ্চিত করার অনুরোধ জানান। ধূলশুড়া ইউনিয়নের ০২টি পূজা নবাবগঞ্জ উপজেলায় এবং বাল্লা ইউনিয়নের ০১টি পূজা শিবালয় উপজেলায় অনুষ্ঠিত হয়, এ সকল পূজা মন্ডপসহ উপজেলার সকল পূজা মন্ডপে সার্বক্ষণিক দৃষ্টি রাখার জন্য ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ জানান। | ক) আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে প্রয়োজনীয় পুলিশ টহল অব্যাহত রাখতে হবে।<br>খ) পূজা মন্ডপের আইন-শৃঙ্খলা রক্ষায় প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। | অফিসার ইনচার্জ |
| ০২ | **সেপ্টেম্বর ২০২৩ মাসে মোবাইল কোর্টের তথ্য ঃ**<br>আগস্ট/২৩ মাসে মোবাইল কোর্টে মামলার সংখ্যা ৪টি, জরিমানা আদায় করা হয়েছে ৫৯,০০০/- (উনষাট হাজার) টাকা। ২১/০৮/২০২৩ ইং তারিখে গোপীনাথপুর বিলে মৎস্য রক্ষা ও সংরক্ষণ আইন, ১৯৫০ এ মামলার সংখ্যা-৩ অর্থ দন্ড ৯,০০০ টাকা । ২৯/০৮/২০২৩ রামকৃষ্ণপুর পদ্মা নদীর পাড় ও পদ্মা যমুনা বলবন্ত জলমহালের ধূলশুড়া অংশে বালু মহাল ও মাটি ব্যবস্থাপনা আইন ২০১০ অনুযায়ী ১টি মামলা হয় এবং ৫০,০০০ টাকা অর্থদন্ড করা হয়। | উপজেলার সার্বিক পরিস্থিতি নিয়ন্ত্রণে রাখতে মোবাইল কোর্ট পরিচালনা অব্যাহত রাখতে হবে। | ক) উপজেলা নির্বাহী অফিসার<br>খ) সহকারী কমিশনার (ভূমি) |
| ০৩ | চেয়ারম্যান, বয়ড়া ইউনিয়ন পরিষদ জানান যে, বয়ড়া ইউনিয়নের আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রয়েছে। আসন্ন শারদীয় দুর্গাপূজা উপলক্ষে সকল ওয়ার্ড সদস্য ও গ্রাম পুলিশদের পূজা মন্ডপের আইন-শৃঙ্খলা রক্ষায় দায়িত্ব প্রদান করা হয়েছে। | পূজা মন্ডপের নিরাপত্তা নিশ্চিত করতে হবে। | চেয়ারম্যান ইউনিয়ন পরিষদ (সকল) |
| ০৪ | চেয়ারম্যান, হারুকান্দি ইউনিয়ন পরিষদ জানান যে, হারুকান্দি ইউনিয়নের আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রয়েছে। এলাকায় সন্ত্রাস ও নাশকতা বন্ধে ওয়ার্ড সদস্য সার্বক্ষণিক সর্তক দৃষ্টি রাখার জন্য বলা হয়েছে। গ্রাম পুলিশদের শারদীয় দুর্গাপূজা উপলক্ষে পাহাড়ার জন্য দায়িত্ব বন্টন করে দেয়া হয়েছে। | সন্ত্রাস ও নাশকতা বন্ধে প্রয়োজনীয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | চেয়ারম্যান ইউনিয়ন পরিষদ (সকল) |

CamScanner

| | | | |
|---|---|---|---|
| ০৫ | চেয়ারম্যান, আজিমনগর ইউনিয়ন পরিষদ জানান যে, ইউনিয়নের আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রয়েছে। এলাকায় রাত্রি কালীন পাহাড়ায় গ্রাম পুলিশদের দায়িত্ব পালনের জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে। | এলাকার আইন-শৃঙ্খলা রক্ষায় প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। | চেয়ারম্যান ইউনিয়ন পরিষদ (সকল) |
| ০৬ | চেয়ারম্যান, গালা ইউনিয়ন পরিষদ জানান যে, ইউনিয়নের আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রয়েছে। শারদীয় দুর্গাপূজা ২০২৩ উদযাপনে পূজা মন্ডপে যাতে আইন-শৃঙ্খলা পরিস্থিতির অবনতি না ঘটে এবং কোন প্রকার অপ্রীতিকর ঘটনা না ঘটে সেদিকে সজাগ দৃষ্টি রাখার জন্য ওয়ার্ড সদস্যদের অনুরোধ জানানো হয়েছে এবং প্রতিটি মন্দিরে গ্রাম পুলিশদের দায়িত্ব প্রদান করা হয়েছে। মাদক নিয়ন্ত্রণে সংশ্লিষ্ট সকলকে সজাগ দৃষ্টির জন্য অনুরোধ করেন। | মাদক নিয়ন্ত্রণে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। | ক) অফিসার ইনচার্জ<br>খ) চেয়ারম্যান ইউনিয়ন পরিষদ (সকল) |
| ০৭ | চেয়ারম্যান, গোপীনাথপুর ইউনিয়ন পরিষদ জানান যে, ব্যয়ড়া ইউনিয়নের আইন-শৃঙ্খলা পরিস্থিতি ভালো। মাদক নিয়ন্ত্রণে পুলিশী অভিযান অব্যাহত রাখতে অফিসার ইনচার্জকে অনুরোধ জানান। তিনি আরো জানান, এলাকার যুব সমাজকে খেলা-ধূলার প্রতি আকৃষ্ট করার জন্য পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। পূজা মন্ডপের আইন-শৃঙ্খলা রক্ষায় ওয়ার্ড সদস্য ও গ্রাম পুলিশদের দায়িত্ব প্রদান করা হয়েছে। কালীতলা (মিনি কক্সবাজার) রাস্তায় বেপোরোয়া মোটর বাইক চালনা ও কিছু ছেলেদের অবৈধ টাকা আদায় বন্ধের অনুরোধ জানান। | কালীতলায় পুলিশী অভিযান পরিচালনা করতে হবে। | ক) অফিসার ইনচার্জ<br>খ) চেয়ারম্যান গোপীনাথপুর ইউনিয়ন পরিষদ |
| ০৮ | চেয়ারম্যান, সুতালরী ইউনিয়ন পরিষদ জানান যে, ইউনিয়নের আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রয়েছে। ওয়ার্ড পর্যায়ে উঠান বৈঠক করে সন্ত্রাস, নাশকতা ও মাদক নিয়ন্ত্রণের বিষয়ে জনগণকে অবহিত করার জন্য ওয়ার্ড সদস্যদের নির্দেশনা দেয়া হয়েছে। এলাকায় অপরিচিত লোকজনের আনাগোনার বিষয়ে সতর্ক থাকতে বলা হয়েছে। নিয়মিত জন্ম-মৃত্যুর সংবাদ ইউনিয়ন পরিষদকে অবহিত করার জন্য গ্রাম পুলিশদের দায়িত্ব প্রদান করা হয়েছে। | ইউনিয়নের সকল শিশুর জন্ম ও মৃত্যু নিবন্ধন নিশ্চিত করতে হবে এবং যথাসময়ে মাসিক প্রতিবেদন প্রেরণ নিশ্চিত করতে হবে। | চেয়ারম্যান ইউনিয়ন পরিষদ (সকল) |
| ০৯ | চেয়ারম্যান, রামকৃষ্ণপুর ইউনিয়ন পরিষদ জানান যে, ইউনিয়নের আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রয়েছে। তিনি আরো জানান, রামকৃষ্ণপুর ইউনিয়নে বাঁধের রাস্তায় বাঁশ গেরে বালু আনলোড করা হচ্ছে। বাঁধের মধ্যে বাঁশ গেরে নৌকা বাধা হচ্ছে। বাঁধে বাঁশ গারা বন্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন। সভাপতি বাহাদুরপুর, রামকৃষ্ণপুর, আন্ধারমানিক ও ধূলশুড়া ঘাটের বর্তমান অবস্থার তথ্য প্রেরণের জন্য সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানদের অনুরোধ জানান। | বাঁধে বাঁশ গারা বন্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। ইউপি চেয়ারম্যানগণ বিষয়টি নিশ্চিত করবেন। | সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানগণ |

সভাপতি প্রতিটি পূজা মন্ডপে সিসি ক্যামেরা লাগানো নিশ্চিত করার জন্য উপজেলা পূজা উদযাপন পরিষ[illegible] সভাপতি/সম্পাদককে অনুরোধ জানান। সুষ্ঠুভাবে শারদীয় দুর্গাপূজা উদযাপনে সার্বিক সহযোগিতা প্রদানের জন্য সকল ই[illegible] চেয়ারম্যানকে অনুরোধ জানান। আসন্ন জাতীয় নির্বাচনকে কেন্দ্র করে যাতে আইন-শৃঙ্খলা পরিস্থিতির অবনতি না হয় এ বিষয়ে সক[illegible] সতর্ক থাকতে হবে। এলাকার যে কোন ঘটনা তাৎক্ষণিকভাবে কর্তৃপক্ষকে অবহিত করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানানো হ[illegible] বাজারে আলু ও পেঁয়াজের কৃত্রিম সংকট সৃষ্টি করা হচ্ছে। এ বিষয়ে চেয়ারম্যানদের সার্বক্ষণিক সতর্ক দৃষ্টি রাখার জন্য অনুরোধ জানা[illegible] হয়। প্রতিটি ইউনিয়নে নিয়মিত আইন-শৃঙ্খলা কমিটির সভা করে যথারীতি সভার কার্যবিবরণী নিম্নস্বাক্ষরকারী বরাবর প্রেরণ নিশ্[illegible] করতে হবে।

CS CamScanner

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

( মোঃ শাহরিয়ার রহমান )
সভাপতি
উপজেলা আইন-শৃঙ্খলা কমিটি
ও
উপজেলা নির্বাহী অফিসার
হরিরামপুর, মানিকগঞ্জ।

স্মারক নং-০৫.৩০.৫৬২৮.০০০.০৭.০৫০.২৩-৬৯৯/১(৩৫)

তারিখঃ ১২ আশ্বিন ১৪২৯ বঙ্গাব্দ
২৭ সেপ্টেম্বর ২০২৩ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো ঃ

০১। মাননীয় সংসদ সদস্য, ১৬৯ মানিকগঞ্জ-২, বাংলাদেশ জাতীয় সংসদ।
০২। কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা।
০৩। জেলা প্রশাসক, মানিকগঞ্জ।
০৪। পুলিশ সুপার, মানিকগঞ্জ।
০৫। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হরিরামপুর, মানিকগঞ্জ।
০৬। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হরিরামপুর, মানিকগঞ্জ।
০৭। অফিসার ইনচার্জ, হরিরামপুর থানা।
০৮। উপজেলা ....................................... কর্মকর্তা, হরিরামপুর, মানিকগঞ্জ।
০৯। চেয়ারম্যান, ....................................... ইউনিয়ন পরিষদ, হরিরামপুর।
১০। জনাব ...............................................
১১। অফিস কপি।

উপজেলা নির্বাহী অফিসার
হরিরামপুর, মানিকগঞ্জ।